

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৩৯.১৩- ৫৫০

তারিখঃ ০৬/০৯/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলায় আপনি ঋণ বিতরণ সনদে ভুয়া ও জাল স্বাক্ষর করে বিভিন্ন সমিতির ৮জন সদস্যের বিপরীতে ৩২৩০০০/- টাকা হস্তমজুদ/আত্মসাৎ এর বিষয়ে লিখিত স্বীকারোক্তি প্রদান করেছেন। এছাড়া সংশ্লিষ্ট জেলার উপপরিচালক কর্তৃক গঠিত কমিটির তদন্তকালে বর্ণিত অর্থ আত্মসাৎের তথ্য উৎসর্গের পর আপনি ২১৬৯০৫/- টাকা জমা প্রদান করায় সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, আপনি আত্মসাৎের উদ্দেশ্যে উক্ত অর্থ গ্রহণ করেছেন; যা অফিস শৃঙ্খলা পরিপন্থী এবং ফৌজদারি অপরাধের আওতাভুক্ত। তাছাড়া আপনি অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণসহ বাৎসরিকভাবে কিস্তি আদায়ের মত অপরাধের সাথে সম্পৃক্ত রয়েছেন মর্মে তথ্য রয়েছে। আপনার এ ধরনের অপরাধের জন্য উক্ত উপজেলায় আপনার দায়িত্বাধীন সমিতিসমূহে প্রায় ২১.০০ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে। এমতাবস্থায়, সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলায় আপনার এ ধরনের অফিস শৃঙ্খলা পরিপন্থী এবং ফৌজদারি অপরাধ করায় কেন কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে অপসারণসহ আত্মসাতকৃত অর্থ আদায়ের জন্য আপনার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব মোঃ আরিফুল ইসলাম
মাঠ সংগঠক, ইরেসপো
বিআরডিবি, কালিগঞ্জ, সাতক্ষীরা

অনুলিপি বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ সাতক্ষীরা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ কালিগঞ্জ জেলাঃ সাতক্ষীরা।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।